

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(সিটি কর্পোরেশন-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩৯.১৫.৬০৯—যেহেতু, জনাব মোঃ মোখলেছুর রহমান, কাউন্সিলর, ০৫ নং সাধারণ ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন এর বিরুদ্ধে রংপুর কোতয়ালী থানার ফৌজদারী মামলা নং-জি,আর ৯৩৯/১৬-এ অভিযোগপত্র নং ১০৬১ গত ০৬ নভেম্বর ২০১৬ তারিখে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

২। যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) অনুযায়ী সিটি কর্পোরেশনের কাউন্সিলরের বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে উক্ত কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্তকরণের বিধান রয়েছে।

৩। সেহেতু, রংপুর সিটি কর্পোরেশনের ০৫ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মোখলেছুর রহমান-কে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহমুদুল আলম  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৮২১৩)

মূল্য : টাকা ৪.০০